মানুষ বাচ-বিচার না করে এমন কথাবার্তা বলে ফেলে, যার ফলে সে জাহান্নামের ভেতর পূর্ব-পশ্চিমের মধ্যবর্তী দূরত্ব থেকেও বেশি দূরত্বে গিয়ে পতিত হয়।

আবূ হুরায়রা রাদয়িাল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন যে, “মানুষ বাচ-বিচার না করে এমন কথাবার্তা বলে
ফেলে, যার ফলে সে জাহান্নামের ভেতর পূর্ব-পশ্চিমের মধ্যবর্তী দূরত্ব থেকেও বেশি দূরত্বে গিয়ে পতিত হয়।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়সাল্লাম আমাদের সংবাদ দেন যে, কিছু মানুষ এমন আছে যারা কথা বলার সময় কথাটি ভালো কি মন্দ তা চিন্তা করে না। যার ফলে এ ধরনের চিন্তা ফিকির ছাড়া কথা বলার কারণে লোকটি নিষিদ্ধ কাজে জড়িয়ে যায়। নিজেকে আল্লাহর আযাবের জন্য জাহান্নামে নিক্ষেপ করে। নাঊযুবিল্লাহ। অনেক সময় জাহান্নামের এতো গভীরে গিয়ে পতিত হয়, যা পূর্ব ও পশ্চিমের দূরত্ব থেকে বেশি।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3479